



জনসংযোগ উপবিভাগ

বাংলা একাডেমি

ঢাকা ১০০০ ফোন : ৫৮৬১১২৪৮ ফ্যাক্স : ৯৬৬১০৮০

ই-মেইল : banglaacademy.pr@gmail.com, bacademy55@gmail.com, ওয়েব সাইট :

www.banglaacademy.gov.bd

পত্র সংখ্যা :

তারিখ : ১৪.০৭.২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলা একাডেমির মহাপরিচালক পদে কবি মুহম্মদ নূরুল হুদার যোগদান

বাংলা একাডেমি আইন, ২০১৩ এর ধারা-২৬(২) এবং ধারা-২৬(৩) অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বিশিষ্ট কবি মুহম্মদ নূরুল হুদাকে ১২ই জুলাই ২০২১ তারিখ থেকে পরবর্তী ৩ (তিন) বছরের জন্য বাংলা একাডেমির মহাপরিচালক পদে নিয়োগ প্রদান করেন। তিনি গত ১৩ই জুলাই ২০২১ তারিখ পূর্বাঙ্কে বাংলা একাডেমির মহাপরিচালক পদে আনুষ্ঠানিকভাবে যোগদান করেন।

আজ ১৪ই জুলাই ২০২১ বুধবার সকাল ১১:০০টায় একাডেমির শহিদ মুনির চৌধুরী সেমিনার কক্ষে এক অনাড়ম্বর অনুষ্ঠানে বাংলা একাডেমির পক্ষ থেকে নবনিযুক্ত মহাপরিচালক কবি মুহম্মদ নূরুল হুদাকে স্বাগত জানান একাডেমির সচিব এ.এইচ.এম. লোকমান, একাডেমির পরিচালক, উপপরিচালক এবং সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। অনুষ্ঠানের শুরুতে বাংলা একাডেমি প্রয়াত সভাপতি শামসুজ্জামান খান এবং প্রয়াত মহাপরিচালক হাবীবুল্লাহ সিরাজীর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়।

অনুষ্ঠানে বাংলা একাডেমির সচিব এ.এইচ.এম. লোকমান নবনিযুক্ত মহাপরিচালককে একাডেমি পরিবারের পক্ষ থেকে স্বাগত জানিয়ে বলেন, আমরা আশা করি কবি মুহম্মদ নূরুল হুদার দক্ষ ও সৃজনশীল নেতৃত্বে বাংলা একাডেমি তার প্রতিষ্ঠার তাৎপর্য এবং উদ্দেশ্যকে সফল করতে সক্ষম হবে।

প্রতিক্রিয়া ব্যক্ত করে বাংলা একাডেমির মহাপরিচালক কবি মুহম্মদ নূরুল হুদা বলেন, বাংলা একাডেমির সঙ্গে আমার সংযোগ দীর্ঘদিনের। একাডেমি বাঙালির সামগ্রিক স্বপ্নকল্পনা, সৃষ্টিশীলতা ও জাতিসত্তার প্রতীক-প্রতিষ্ঠান। আমি আশা করি, সকলের সমবেত সংযোগ ও সক্রিয়তায় আমরা বাংলা একাডেমিকে বাংলাদেশের মানুষের কাঙ্ক্ষিত জ্ঞান-গন্তব্য হিসেবে প্রতিষ্ঠা করতে সক্ষম হবো।



নবনিযুক্ত মহাপরিচালকের শ্রদ্ধা নিবেদন

বাংলা একাডেমির নবনিযুক্ত মহাপরিচালক কবি মুহম্মদ নূরুল হুদা দায়িত্ব গ্রহণের পর কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করে মহান ভাষা আন্দোলনের অমর শহিদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। এরপর ধানমন্ডি ৩২নং সড়কে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে সর্বকালের শ্রেষ্ঠ বাঙালির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ সংলগ্ন জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সমাধিসৌধ এবং শহিদ বুদ্ধিজীবী সমাধি-ফুলে শ্রদ্ধা নিবেদন করেন। একাডেমির মহাপরিচালক কবি মুহম্মদ নূরুল হুদা বাংলা একাডেমির স্বপ্নদ্রষ্টা, বহু ভাষাবিদ ও জ্ঞানতাপস ড. মুহম্মদ শহীদুল্লাহর সমাধিতে পুষ্পমাল্য অর্পণ করেন। সবশেষে আজিমপুর গোরস্থানে বাংলা একাডেমির প্রয়াত সভাপতি জাতীয় অধ্যাপক আনিসুজ্জামান এবং

প্রয়াত মহাপরিচালক কবি হাবীবুল্লাহ সিরাজীর সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। শ্রদ্ধা নিবেদন শেষে তাঁদের আত্মার শান্তি কামনা করে নীরবতা পালন এবং প্রার্থনা করা হয়।

শ্রদ্ধা-নিবেদন পর্বে বাংলা একাডেমির সচিব এ.এইচ.এম. লোকমান, একাডেমির পরিচালক, উপপরিচালকবৃন্দ এবং সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।

সমীর কুমার সরকার
পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ, তথ্যপ্রযুক্তি ও প্রশিক্ষণ বিভাগ